



## জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রশাসন - ১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.hsd.gov.bd](http://www.hsd.gov.bd)

নং-৪৫.০০.০০০০.১৪০.৯৯.০০৬.১৯-৩৪৩

তারিখ: ০২ মার্চ, ২০২০ খ্রিস্টাব্দ  
১৮ ফাল্গুন, ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়: আগামী ০৪ মার্চ, ২০২০ খ্রি. তারিখ বাংলাদেশ সচিবালয় ক্লিনিকে ০১টি এ্যাম্বুলেন্স সরবরাহ নিশ্চিতকরণ প্রসঙ্গে।

সূত্র: (১) শিল্প মন্ত্রণালয়ের স্মারক নং-৩৬.০০.০০০০.০৪৮.১৮.০১৫.১৯-২১৮, তারিখ: ২৪.০২.২০২০ খ্রি.

(২) বাংলাদেশ সচিবালয় ক্লিনিকের স্মারক নং-সিএস/সেক্রে:-ঢাকা/২০২০/১৪০৪, তারিখ: ০১.০৩.২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকদ্বয়ের প্রেক্ষিতে সিভিল সার্জন, বাংলাদেশ সচিবালয় ক্লিনিক, ঢাকা এবং শিল্প মন্ত্রণালয় হতে প্রাপ্ত পত্রের ছায়ালিপি সংযুক্তিসহ এতদসঙ্গে প্রেরণ করা হইল। প্রেরিত পত্রের আলোকে আগামী ০৪ মার্চ, ২০২০ খ্রি. তারিখ বুধবার সকাল ১০:০০ টায় কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকায় 'জাতীয় এসএমই পণ্য মেলা ২০২০' এর উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষজ্ঞ চিকিৎসকদল প্রস্তুত রাখা এবং ড্রাইভারসহ একটি এ্যাম্বুলেন্স সরবরাহ করার জন্য শিল্প মন্ত্রণালয় হতে সিভিল সার্জন, বাংলাদেশ সচিবালয় ক্লিনিক-কে অনুরোধ জানানো হয়েছে। বাংলাদেশ সচিবালয় ক্লিনিকের সিভিল সার্জন অফিসে একমাত্র এ্যাম্বুলেন্সটি মেডিকেল টিমসহ 'জাতীয় এসএমই পণ্য মেলা ২০২০' এর ভেন্যুতে উদ্বোধনী অনুষ্ঠানের দিন দায়িত্ব পালন করবে। উল্লিখিত সময়ে সচিবালয় ক্লিনিকে জরুরী সেবা প্রদানের জন্য স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ ও মিডফোর্ড হাসপাতাল, ঢাকা হতে ০১টি এ্যাম্বুলেন্স সরবরাহের জন্য অনুরোধ জানিয়েছেন।

০২। এমতাবস্থায়, আগামী ০৪ মার্চ, ২০২০ খ্রি. তারিখ সকাল ০৯:০০ টা হতে বিকাল ০৪:০০ টা পর্যন্ত বাংলাদেশ সচিবালয় ক্লিনিকে সিভিল সার্জন অফিসে দায়িত্ব পালনের জন্য ০১ (একটি) এ্যাম্বুলেন্স ড্রাইভারসহ সরবরাহ নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে,

(খন্দকার জাকির হোসেন)

উপসচিব

ফোনঃ ৯৫৭৭৯৮৫

[admin1@hsd.gov.bd](mailto:admin1@hsd.gov.bd)

পরিচালক

স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ ও মিডফোর্ড হাসপাতাল  
ঢাকা।

### অনুলিপি:

- ১। উপসচিব (নিরাপত্তা-২), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (০৪ মার্চ, ২০২০ খ্রি. তারিখ এ্যাম্বুলেন্সটি ড্রাইভারসহ সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের অনুরোধ করা হল)।
- ২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সিভিল সার্জন, বাংলাদেশ সচিবালয় ক্লিনিক, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন শৃঙ্খলা/হাসপাতাল)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। যুগ্মসচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।